

জুলাই আন্দোলনে শিক্ষার্থীদের রক্তের ঋণ যেনো ভুলে না যাই: বিডিইউ উপাচার্য

প্রকাশিত: ১৯:৫১, ২৬ নভেম্বর ২০২৪



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিডিইউ) এর উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ বলেছেন জুলাই আন্দোলনে নতুন বাংলাদেশের নতুন স্বপ্ন দেখানোর জন্য আমাদের প্রিয় শিক্ষার্থীরা যেভাবে নিজেকে বিলিয়ে দিয়েছেন, যেভাবে বুকের তাজা রক্ত দান করেছেন সেই রক্তের ঋণ আমরা যেনো ভুলে না যাই।

মঙ্গলবার (২৬ নভেম্বর) বিকালে গাজীপুরের কালিয়াকৈরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ (বিডিইউ) এর একাডেমিক ভবনে বৈষম্য বিরোধী আন্দোলনে শহিদ ও আহতদের স্মরণে স্মরণসভা এবং জুলাই অভ্যুত্থানের ঘটনাপ্রবাহ নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

মাননীয় উপাচার্য বলেন, বাংলাদেশ এমন একটি অবস্থায় এসে উপনীত হবে, নতুন ভাবে স্বপ্ন দেখবে এই বিষয়টি আমরা আজ থেকে পাঁচ মাস আগে কল্পনাও করতে পারি নি। জুলাই আন্দোলনে আমাদের শিক্ষার্থীদের বুকের তাজা রক্ত আমাদের নতুন বাংলাদেশের স্বপ্ন দেখিয়েছে।

তিনি বলেন, পৃথিবীর ইতিহাসে অনেক ঘটনা আছে সামনে আরও শতাব্দীর পর শতাব্দী সহস্রাব্দের পর সহস্রাব্দ পৃথিবীর ইতিহাস লেখা হবে। তবে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি আমাদের

এবারকার আন্দোলন ০৫ আগস্টের নতুন বাংলাদেশের ঘটনা এই ইতিহাসের মধ্য অন্যতম একটি অধ্যায় হয়ে থাকবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে বিশ্ববিদ্যালয়ের মাননীয় ট্রেজারার অধ্যাপক ড. মো: আনোয়ার হোসেন বলেন, গ্রিক দার্শনিক ও ইতিহাসের জনক হেরা ডাটাস বলেছিলেন যখন রাজনীতিতে অনিয়মই নিয়ম হয়ে দাঁড়ায় তখন প্রকৃতি নিজ দায়িত্বে তাকে শুধরে নেন, বাংলাদেশের রাজনীতিতে অনিয়মই নিয়মে পরিণত হয়েছিলো। এদেশের তরুণ শিক্ষার্থীরা তাদের তারুণ্যদীপ্ত চিন্তা চেতনা এবং অংশগ্রহণের মাধ্যমে সেই জায়গাটিতে পরিবর্তন নিয়ে এসেছে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের এডুকেশনাল টেকনোলজি এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান মো: আশরাফুজ্জামান, আইওটি এন্ড রোবোটিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান সুমন সাহা, সাইবার সিকিউরিটি ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) রাকিব হোসেন এবং এডুকেশনাল টেকনোলজি এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী তানজীন আমল তাহসীন বক্তব্য রাখেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ জুলাই অভ্যুত্থানের ঘটনাপ্রবাহ নিয়ে আলোক চিত্র, ডকুমেন্টরি প্রদর্শন করেন এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে

অংশগ্রহণ করেন।